**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশনের (INTERNATIONAL JOINT COMMISSION, IJC) কাছে লেক অন্টারিও এর বন্যার ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য চিঠি পাঠালেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশনের কাছে লেক অন্টারিও এর বন্যার ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য চিঠি পাঠালেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

মাননীয় চেয়ারপার্সন করউইন ও ফের:

তিন বছরে দ্বিতীয়বারের মত, লেক অন্টারিও এর তীরবর্তী বহু কমিউনিটি এবং ব্যবসা রেকর্ড পরিমাণ উঁচু পানির লেভেলের কারণে বন্যা কবলিত হয়েছে। ফলশ্রুতিতে, 2017 সালে নিউ ইয়র্ক তীরবর্তী সম্পত্তির ক্ষয়ক্ষতি সারানোর জন্য 100 মার্কিন ডলার খরচ করেছিল এবং এই বছর বন্যায় দশ মিলিয়ন খরচ করছে। লেক অন্টারিও এর উঁচু পানির লেভেলকে সঠিকভাবে নিয়ন্ত্রণ করতে ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (IJC) যে ব্যর্থ হয়েছে এ ব্যাপারে তাদের সাফাই গাওয়ার কোন সুযোগ নেই এবং যার ফলে এইবারও বন্যা হয়েছে। 2017 সালে লেকের উঁচু পানির লেভেল সম্পর্কে IJC কে অবগত করা হয়েছিল এবং বিশাল বিশাল বরফের চাঁই ও বসন্তকালের একনাগাড়ে হওয়া বৃষ্টি থেকে উদ্ভূত বর্তমানের বিপদ সম্পর্কে পূর্বেই অবগত করা হয়েছিল। এখন পর্যন্ত IJC কোন পদক্ষেপ না নিয়ে *status quo* অবস্থায় রয়েছে যার ফলশ্রুতিতে নিউ ইয়র্কে আরও বন্যা ও সম্পদের ক্ষয়ক্ষতি হচ্ছে। আমাদের মতে IJC সমগ্র নিউ ইয়র্ককে লক্ষ লক্ষ অপূরণীয় অর্থব্যয়ের দিকে ঠেলে দিয়েছে এবং নিউ ইয়র্ক এর তীরবর্তী কমিউনিটির আঘাত হানা বন্যা ও ক্ষতির পরিমাণ কমানোর জন্য IJC পানির ব্যবস্থাপনা ও পরিকল্পনাকে কিছুটা পরিবর্তন করেছে।

লেক অন্টারিও এর বন্যার কারণে নিউ ইয়র্কবাসী এবং তাদের ব্যবসায় হওয়া বর্তমান ক্ষতি ও চলমান হুমকির অবশ্যই প্রতিকার হওয়া উচিত। সিনেটর ওর্ট লিগ্যাল অ্যাকশনের সম্ভাব্যতার বিষয়টি উত্থাপন করেছেন যেটা তিনি স্টেট অ্যাটর্নি জেনারেলকে চিঠির মাধ্যমে জানিয়েছেন। বর্তমানে লেক অন্টারিওতে পানির যে লেভেল রয়েছে তা 2017 সালের ঐতিহাসিক সর্বোচ্চ মাত্রাকে ছাড়িয়ে গেছে, লেক অন্টারিও সেন্ট লরেন্স রিভার সিস্টেমে হওয়া বন্যাকে প্রতিহত করতে দ্রুত পদক্ষেপ নিতে হবে।

1990 সালে কানাডার পক্ষে মার্কিন যুক্তরাষ্ট্র এবং গ্রেট ব্রিটেন উভয় দেশ এবং তাদের নিজ নিজ নাগরিক এবং অধিভুক্ত অংশকে সকল সরকারি ও বেসরকারি নদীতীরস্থ মালিকদের অধিকার ও

স্বার্থের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে পানিসীমার মঙ্গলজনক ব্যবহারের জন্য সীমানা পানি চুক্তিতে প্রবেশ করেছিল। চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে নেভিগেশন ও পাওয়ার ইউজের চেয়ে ডমেস্টিক ও স্যানিটারি ব্যবহারগুলোকে অগ্রাধিকার দেয়া হবে। চুক্তিতে আরও উল্লেখ রয়েছে যে কোন ধরনের বাঁধ বা প্রতিবন্ধকতা নির্মাণ করতে গেলে সীমানার দুই পাশের এলাকার ক্ষয়ক্ষতির ব্যাপারে সুরক্ষা ও ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

ইতিহাস ঘাটলে দেখা যায় যে সুবিধা ভোগকারীদের চাহিদা মেটাতে IJC সবসময় হিমশিম খেয়েছে। 1950 সালের শুরুর দিকে যেমন লেক অন্টারিওর IJC এর ব্যবস্থাপনার কারণে নিউ ইয়র্কবাসীদের বড় ধরনের বন্যা সংক্রান্ত ক্ষতির সম্মুখীন হতে হয়েছিল এবং তারা জোরালোভাবে এটার বিরুদ্ধে প্রতিবাদ ও মামলা করেছিল। যার ফলে, IJC গাট বাঁধটি সরানো হয়েছিল এবং সর্বোচ্চ পানির লেভেলটাকে প্রায় তিন ফুট কমিয়ে ফেলেছিল। 1956 সালে IJC একটি নতুন সাপ্লিমেন্টারী অর্ডার অফ এপ্রুভাল জারি করে যা কার্যকর হতে আরও পাঁচ দশক সময় লেগেছিল।

1956 আদেশের প্রয়োগ অনুযায়ী 1999 সালে IJC পানির লেভেল পরিমাপের জন্য পদক্ষেপ নেয়। 2014 সালের পরিকল্পনায় এই স্টাডি গ্রহণ করা হয়েছিল। পরিকল্পনা গ্রহণ করার সময় IJC দেখে যে 1956 এর আদেশে "সঠিকভাবে অদূর ভবিষ্যতের সম্ভাব্য পরিবর্তনগুলোকে পরিপূর্ণভাবে আলোকপাত করে না" এবং এটা এমন হওয়া উচিত ছিল "পরিবেশের ইস্যু এবং বিনোদনমূলক নৌভ্রমণের বিবেচনা হওয়া উচিত।" প্ল্যান 2014 এ এটিও জানানো হয়েছে পানি নিষ্কাশন পরিচালিত হবে "এমনভাবে যে পরিচালনা ও নিম্নাঞ্চলের নদীতীরস্থ মানুষের স্বার্থসমূহকে প্রি-প্রজেক্টের অধীন অবস্থাসমূহের চেয়ে কম গুরুত্ব প্রদান করা হবে না।" তাছাড়া, নিষ্কাশনসমূহ পরিচালনার মানদণ্ডের অংশ হিসাবে IJC জানায় যে "মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার অন্টারিও লেকের পানির স্তর অন্টারিও লেকের উপকূলের সম্পত্তি মালিকদের উপকারের জন্য নিয়ন্ত্রিত হতে হবে যাতে মারাত্মক স্তরে উন্নীত হওয়া হ্রাস করা যায় যা লেক অন্টারিওর সাথে সংযুক্ত হিসেবে অতীতে প্রকল্প পূর্ব অবস্থা ও সরবরাহসমূহের মধ্যে সংঘটিত হয়েছে।"

2014 সালের পরিকল্পনা গ্রহণ করার সময় IJC দেখে যে নতুন রেগুলেটরি স্কীমে "ব্যবস্থাপনা পরিকল্পনা থেকে কম চ্যুতি" এবং "দীর্ঘমেয়াদি সুবিধা, উজান ভাটা এবং সাথে ভালো সুরক্ষা ও সম্ভাব্যতার" অন্তর্ভুক্তি থাকতে হবে। 2017 ও 2019 সালের পানি বেড়ে যাওয়ার ঘটনাগুলো এই সত্যতাগুলোর প্রমাণ দেয়। 2014 সালের পরিকল্পনায় যেমনটা প্রতিজ্ঞা করা হয়েছে ঠিক তেমন একটি আরও সুরক্ষিত ম্যানেজমেন্ট সিস্টেম IJC এর প্রদান করা উচিত।

সদ্য যেরকম আবহাওয়া দেখা গেছে এমন পরিস্থিতির জন্য বড় বড় লেক যেমন লেক অন্টারিও, আপার সেন্ট লরেন্স রিভারে বন্যা ও পানি সংক্রান্ত বিপদ ক্রমাগত বেড়েই চলেছে। 2019 সালের 2 জুন লেক অন্টারিওতে ইতিহাসের সর্বোচ্চ পানির রেকর্ডটি 2019 সালের 4 জুন বেড়ে গিয়ে 75.90 মিটারে দাঁড়ায় (249.02 ফুট)। ধারণা করা হচ্ছে আগামী কয়েকদিনের মধ্যে লেক অন্টারিও এর পানির মাত্রা ক্রমশ বাড়তে থাকবে। লেক এরি থেকে লেক অন্টারিও তে পানির লেভেল ও প্রবাহের মাত্রাও বেশী এবং গত কয়েকদিনে তা অনেক বেড়ে গেছে।
যেখানে এখানকার বন্যা ও উঁচু পানির লেভেলের কারণে নিউ ইয়র্কবাসীদের সম্পদের ক্ষতি হয়েছে, সেখানে মন্ট্রিল হারবারের পানির লেভেল এখনো সীমার নিচে রয়েছে এবং ক্রমশ তা কমছে। নিউ

ইয়র্কবাসীরা বিশেষত যারা তীরবর্তী এলাকায় ছিল তাদের কষ্ট লাঘবের জন্য IJC এর অতিসত্বর ব্যাপক পরিমাণে পানি বহির্গমনের ব্যবস্থা করতে হবে, এতে যদি নদীর গতিপথের সাময়িক দিক পরিবর্তন হয় তা সত্বেও করা উচিত।

IJC অবগত আছে যে তাদের কাজ বা ঘাটতিগুলো তীরবর্তী ভূমি মালিকদের বাণিজ্যিক জাহাজ ব্যবসাকে রক্ষা করেছে। কিন্তু মূল চুক্তি এবং 2014 সালের পরিকল্পনা অনুযায়ী নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা ও সম্পদকে উপেক্ষা করে বাণিজ্যিক জাহাজ ব্যবসা রক্ষা করাকে সমর্থন করে না। 1909 সালের সীমান্ত পানি চুক্তি অনুযায়ী, "এমন কোন ব্যবহারকে অনুমতি দেয়া হবে না যাতে করে কারো সাথে দ্বন্দ্ব হয় বা অন্য কোন ব্যবহারকেও সমর্থন করে না"। অধিকন্তু, 2014 সালের পরিকল্পনা অনুযায়ী "লেক অন্টারিও এর পানির লেভেল যদি বেড়ে যায় তাহলে ইন্টারন্যাশনাল র‍্যাপিড সেকশন (International Rapids Section) পরিচালনা করা হবে এবং তীরবর্তী মানুষদের জোয়ার ভাঁটা থেকে বাঁচানোর জন্য সম্ভাব্য সকল রকমের চেষ্টা করতে হবে।" ট্রান্সপোর্টেশন ও শিপিং সেক্টরসহ আরও যারা এই সিস্টেম ব্যবহার করছে তাদেরকেও এই পানির উঁচু লেভেলের প্রবাহটাকে কমানোর জন্য কাজ করতে হবে।

2017 সালে নিউ ইয়র্কবাসীরা সম্ভাব্য বন্যা থেকে কমিউনিটিকে বাঁচানোর জন্য এবং পরিবারগুলোকে সহায়তা ও পুনরায় ব্যবসা করার জন্য ক্রিটিক্যাল স্টেট অ্যান্ড ফেডারেল ফান্ড প্রদান করার পদক্ষেপ নিয়েছিল। স্টেট লেক অন্টারিও উপকূলবর্তী অঞ্চল যা 2017 সালের বন্যায় প্লাবিত হয়েছিল, একই অঞ্চলে আরও একবার সর্বোচ্চ জলসীমা ও বন্যার রেকর্ড হয়েছে তার পুনর্গঠনে 100 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন। 2017 সালের বন্যার পর IJC জানতে পেরেছিল বা জানা উচিত ছিল যে ভবিষ্যতে বন্যা মোকাবিলা করার জন্য কী কী করা উচিত, কিন্তু দুর্ভাগ্যবশত বন্যার প্রলয়ংকারী প্রভাবের বিরুদ্ধে এই দূরদর্শীতাকে তারা কাজে লাগাতে ব্যর্থ হয়।

নিউ ইয়র্কবাসীরা প্রতিনিয়ত পূর্বের বন্যার ঘটনা থেকে অভিজ্ঞতা সঞ্চয় করেছে এবং আসন্ন বন্যা পরিস্থিতি মোকাবিলা করেছে। মিউনিসিপ্যাল সরকারের সাথে নিউ ইয়র্কবাসীরা একজোট হয়ে উপকূল এলাকায় যন্ত্রপাতি বসানো এবং স্যান্ড ব্যাগ ব্যবহারের জন্য কাজ করছে, বন্যা মোকাবিলা পরিস্থিতির উন্নতিও ক্ষয়ক্ষতি কমানোর জন্য কাজ করছে এবং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য চেষ্টা করছে। নিউ ইয়র্কবাসীরা আশা করছে যে পুনর্নির্মাণ এবং ভবিষ্যৎ স্থিতিস্থাপকতার জন্য যে খরচ প্রয়োজন তা 2017 সালের খরচকে ছাড়িয়ে যাবে এবং 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি হয়ে যাবে। নিউইর্কবাসীরা ফেডারেল ফান্ডিং এর জন্য জোরালোভাবে প্রচেষ্টা চালাচ্ছে, লেক এবং নদীর উপকূলীয় স্থিতিস্থাপকতা বাড়ানোর জন্য যেসকল কাজ করা হবে তার জন্য এটা বিশেষ প্রয়োজন। এই আন্তর্জাতিক পরিকল্পনার জন্য নিউ ইয়র্কবাসীর এককভাবে এই ব্যয় বহন করা উচিত নয় এবং এসব ক্ষেত্রে ফেডারেল ফান্ডিং আবশ্যক।

সীমান্ত পানি চুক্তি থেকে প্রাপ্ত IJC এর ক্ষমতা যা লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর নন পাওয়ার ব্যবহারকে অগ্রাধিকার দেয়। এটি প্রতীয়মান হয় যে IJC এর ম্যানেজমেন্ট চরমভাবে বেড়ে যাওয়া পানির কারণে তীরবর্তি নিউ ইয়র্কবাসীদের ভোগান্তির কথা উল্লেখ করেনি। IJC কে নিশ্চিত করতে হবে যে এটি এই চরম ভেজা আবহাওয়া পরিস্থিতি বিবেচনা করে এবং সেগুলি মোকাবেলা

করবে যা ভবিষ্যতে পরিকল্পনা ও বাস্তবায়নের প্রবাহ বাস্তবায়নে গত তিন বছরে ব্যাপক বন্যার সৃষ্টি করেছে। IJC এর অবশ্যই এমন একটা পদ্ধতি নির্ধারন করা উচিত যাতে করে গত তিন বছরের ঘটে যাওয়া ব্যাপক বন্যার ক্ষয়ক্ষতি বিবেচনা এবং উল্লেখ করে ভবিষ্যতের পরিকল্পনা এবং বাস্তবায়ন করা উচিত।

মারাত্মক বন্যার কারণে, নিউ ইয়র্কবাসীরা দাবী করে যে এর খরচ IJC এর নিউ ইয়র্কবাসীকে দেওয়া উচিত এবং IJC এর আইনের জন্য প্রয়োজনীয় স্থিতিস্থাপকতা ও অন্যান্য সুরক্ষা পদক্ষেপ নেয়ার জন্য অতিরিক্ত ফান্ড তৈরি করা দরকার। IJC এর দ্রুত নির্নয় করা উচিত যে কতটুকু পানি নিরাপদভাবে অপসারণ করা যাবে। অবশেষে, IJC-কে অবশ্যই উপকূলবর্তী জমির মালিকদের ক্ষতি এড়ানোর জন্য পানি ব্যবস্থাপনা প্রোটোকলের সংশোধন করা উচিত। এই চাহিদাগুলো পূরণ করতে ব্যর্থ হলে নিউ ইয়র্কবাসীরা IJC বিরুদ্ধে যেকোনো পদক্ষেপ এমনকি আইনি পদক্ষেপও নিতে পারে।

বিনীত,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন